# বিমান হামলায় ইরানের অবস্থান বদলাবে না: সিআইএ




ছবি: সংগৃহীত

ইরানের ওপর যুক্তরাষ্ট্রের ধারাবাহিক বিমান হামলা তেহরানের অবস্থান বা আলোচনার কৌশলে বড় ধরনের পরিবর্তন আনতে পারবে না বলে মনে করছে মার্কিন গোয়েন্দা সংস্থাগুলো।

মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়েছে, সম্প্রতি সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি (সিআইএ) এবং ডিফেন্স ইন্টেলিজেন্স এজেন্সি (ডিআইএ) পৃথক মূল্যায়নে এমন পর্যবেক্ষণ তুলে ধরেছে।

প্রতিবেদনে আরও বলা হয়, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের জ্যেষ্ঠ সামরিক উপদেষ্টা এবং জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইনও একই ধরনের ইঙ্গিত দিয়েছেন। তার মতে, কেবল বিমান হামলার মাধ্যমে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষিত সব লক্ষ্য অর্জন করা সম্ভব নাও হতে পারে।

গত মাসে মার্কিন আইনপ্রণেতাদের সঙ্গে এক বৈঠকে ড্যান কেইন বলেন, বিমান শক্তির কার্যকারিতা থাকলেও এর কিছু বাস্তব সীমাবদ্ধতা রয়েছে। তাই শুধু আকাশপথে হামলা চালিয়ে সব কৌশলগত লক্ষ্য অর্জন সবসময় সম্ভব হয় না।

LENS ASIA